



No.F.06(181)/STCS(T)/2012

আমরা যক্ষ্মা রোগের সংক্রমণ প্রতিরোধ করতে পারি

যখনই আপনি কোন যক্ষ্মা রোগীকে পরিচর্যা করবেন, আপনার নিকটতম স্বাস্থ্য আধিকারিককে জানাবেন। কারণ এভাবেই যক্ষ্মা রোগের বিস্তার সম্বন্ধে জানা যাবে ও তার প্রতিকারের ব্যবস্থা ভালভাবে করা যাবে।

যক্ষ্মা সম্পর্কিত বিজ্ঞপ্তি

আমাদের দেশে যক্ষ্মা রোগ অন্যতম প্রধান স্বাস্থ্য সম্পর্কিত সমস্যা হয়ে দাঁড়িয়েছে যার ফলে বহু সংখ্যক মানুষ এই রোগে আক্রান্ত হচ্ছেন এবং মারাও যাচ্ছেন। এই রোগ প্রতিরোধ এবং নিয়ন্ত্রণের মূল ভিত্তি হল রোগের দ্রুত শনাক্তকরণ এবং সম্পূর্ণ চিকিৎসা। শুরুতেই যক্ষ্মা রোগ নির্ণয়ে বিলম্ব বা যক্ষ্মা প্রতিহত করার অমুখের গ্রহণ অনিয়মিত/অসম্পূর্ণ হলে নানাবিধ অসুবিধার সৃষ্টি, রোগের বিস্তার লাভসহ অমুখ প্রতিরোধী যক্ষ্মা রোগ হতে পারে।

সঠিক ভাবে যক্ষ্মারোগের নির্ণয় ও তার চিকিৎসা, রোগের বিস্তার হ্রাস এবং অমুখ প্রতিরোধী যক্ষ্মা-র ভয়াবহতা ও তার বিস্তার রোধ করতে, সমস্ত যক্ষ্মা রোগীর সম্পূর্ণ তথ্য সম্বন্ধে অবগত হওয়া অত্যন্ত প্রয়োজন। সেইজন্য স্বাস্থ্য পরিষেবা প্রদানকারীদের প্রত্যেক যক্ষ্মা রোগীর সম্পূর্ণ তথ্য স্থানীয় আধিকারিককে অর্থাৎ জেলা স্বাস্থ্য আধিকারিক/ জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক ও পুরপরিষদের স্বাস্থ্য আধিকারিককে জানাতে হবে। এই তথ্য প্রতিমাসে নিম্নলিখিত পদ্ধতিতে পেশ করতে হবে।

একজন রোগীকে যক্ষ্মা রোগী হিসাবে নথিবদ্ধ করা যাবে যখন ঐ রোগীর অন্তত: একটি কফের নমুনায় যক্ষ্মা রোগের জীবাণু (অ্যাসিড ফাস্ট ব্যাসিলাই) অথবা যদি এই রোগের জীবাণু কফের কালচারেও শনাক্ত হয়, তাছাড়া সংশোধিত জাতীয় যক্ষ্মা রোগ নিয়ন্ত্রণ প্রকল্প দ্বারা অনুমোদিত র্যাপিড ডায়গনোস্টিক মলিকিউলার টেস্ট- এ রোগের সংক্রমণ পাওয়া যায় অথবা যদি কোনও রোগীকে জীবাণু নির্ণয়ের কোন ধরনের পরীক্ষা ছাড়াই তার রোগের লক্ষণ এর মাধ্যমে যক্ষ্মা রোগী হিসাবে চিহ্নিত করা হয় এবং যদি তাকে যক্ষ্মা রোগ নিরাময়ের অমুখ দিয়ে চিকিৎসা শুরু করা হয়।

এই বিজ্ঞপ্তির আওতায় সকল প্রকার স্বাস্থ্য পরিষেবা প্রদানকারি সংস্থা তথা সরকারি, বেসরকারি, স্বেচ্ছাসেবী সংস্থা ও ব্যক্তিগত চিকিৎসকরাও অন্তর্ভুক্ত।

যক্ষ্মা সম্পর্কিত বিজ্ঞপ্তির মাসিক নথিবদ্ধকরণ

রিপোর্ট এর সময়কাল :/...../..... হতে...../...../.....

স্বাস্থ্য পরিষেবা/ চিকিৎসক / পরীক্ষাগার-এর নাম :

রেজিস্ট্রেশন নম্বর টেলিফোন নম্বর (এস.টি. ডি কোড সহ) মোবাইল নম্বর.....

সম্পূর্ণ ঠিকানা

ক্রমিক নং	যক্ষ্মা রোগীর নাম / রোগীর পরিচয়পত্র	বয়স (বছর)	লিঙ্গ (পুরুষ/মহিলা/অন্যান্য)	কেন্দ্রীয় সরকার প্রদত্ত পরিচয়পত্র (আধার ইত্যাদি) যদি থাকে	বাসস্থানের সম্পূর্ণ ঠিকানা	রোগীর ফোন নং	রোগ নির্ণয়ের তারিখ	চিকিৎসা শুরুর তারিখ

[Signature]
উপ-সচিব
ত্রিপুরা সরকার

Ref. ORDER NO.Z-28015/22012-TB Dated:07/05/2012

বিস্তারিত জানতে যোগাযোগ করুন স্টেট টিবি অফিসার/ডিপ্লিট টিবি অফিসার এবং ওয়েবসাইট : www.tbcindia.nic.in
রাজ্য যক্ষ্মা অফিস: ০৩৮ ১-২৩০ ১১৪২) /জেলা যক্ষ্মা কেন্দ্রগুলির ফোন নং : ০৩৮ ১-২৩ ১৫ ১৪১, (অবিভক্ত পশ্চিম জেলা), ০৩৮-২৪-২২৩৬২৫ (উত্তর/ উনকোটি জেলা), ০৩৮ ১-২২৬৯৬৪ (গোমতি, দক্ষিণ জেলা), ০৩৮-২৬-২২৩২৮২ (খলাই জেলা)